

2020 সালের গণনায়

আমাদের অন্তর্ভুক্ত করুন

গণনায় থাকার
মাঝেই রয়েছে শক্তি



COUNTUSIN2020.ORG

জনগণনা 101

প্রতি 10 বছর অন্তর অন্তর মার্কিন সরকার জনগণনার মাধ্যমে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রতিটি মানুষের গণনা করে থাকে। জনগণনাটি আসলে একটি সংক্ষিপ্ত প্রশ্নমালা যেখানে আপনার পরিবার এবং তাতে যারা থাকে তাদের ব্যাপারে সাধারণ তথ্য জানতে চাওয়া হয়। আপনার ব্যক্তিগত জবাবগুলো গোপনীয় থাকবে।



পরবর্তী জনগণনা শুরু হবে **মার্চ 2020** থেকে। রিসোর্সেস ও প্রতিনিধিত্বে আপনার **ন্যায়** শেয়ার পেতে আপনাকে গণনায় নেওয়া হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে নিন!

জনগণনায় থাকলে তা আপনার ও আপনার পরিবারের কাজে আসবে।

- গুরুত্বপূর্ণ সেবা যেমন স্কুল, লাইব্রেরি, ফুড স্ট্যাম্প ও স্বাস্থ্যসেবার জন্য **\$1.5 ডিলিয়ন ডলারের** সরকারি বরাদ্দ বন্টন করার জন্য জনগণনার তথ্য ব্যবহার করা হয়ে থাকে।
- কংগ্রেস, আপনার স্টেট ক্যাপিটল ও দেশজুড়ে বিভিন্ন শহর ও টাউনে রাজনৈতিক প্রতিনিধিত্ব ভাগ করার জন্যও জনগণনার তথ্য ব্যবহার করা হয়ে থাকে; পূর্ণ গণনার মানে হচ্ছে আপনার কমিউনিটির ন্যায় প্রতিনিধিত্ব নিশ্চিত হওয়া।

জনগণনাতে আপনার জবাবগুলো গোপনীয় থাকবে।



জনগণনাতে নাগরিকত্ব বা ইমিগ্রেশন স্ট্যাটাস জানতে চাওয়া হয় না। অন্য কোনো সরকারি সংস্থা, ইমিগ্রেশন কর্মকর্তা বা পাবলিক - কারো সাথে আপনার তথ্য শেয়ার করার অনুমতি জনগণনা ব্যুরোর নেই। আপনার জবাবগুলোকে শেয়ার হওয়া থেকে রক্ষা করার জন্য কঠোর আইন রয়েছে! জনগণনার জবাবগুলো শুধু পরিসংখ্যানের কাজে ব্যবহার করা যায়।

জনগণনাতে জবাব দেওয়া যায় দ্রুত ও সহজেই।

- আপনি অনলাইনে জবাব দিতে পারেন।** জনগণনা ব্যুরো **মধ্য-মার্চ 2020** এর মধ্যে আপনার কাছে নির্দেশনা পাঠাবে। জনগণনার অফিশিয়াল ওয়েবসাইটে গিয়ে আপনার হাউজহোল্ড আইডি দিয়ে প্রবেশ করে প্রশ্নের জবাব দিতে পারেন।
- আপনি ফোনে জবাব দিতে পারেন।** জনগণনা ব্যুরোতে কল করে ফোনে জনগণনার জবাব ও জনগণনা সংক্রান্ত প্রশ্ন জিজ্ঞেস করা যাবে।
- যদি আপনি অনলাইন বা ফোনে জনগণনার জবাব দিতে না চান, তাহলে জনগণনা ব্যুরো আপনাকে একটি **কাগজের প্রশ্নমালা** ডাকযোগে পাঠাবে।

যদি আপনি জবাব না দিয়ে থাকেন, তাহলে মে 2020 থেকে একজন জনগণনা কর্মকর্তা আপনার বাসায় এসে সশরীরে তথ্য জানতে চাইতে পারে। জুন 2020 পর্যন্ত আপনি অনলাইন বা ফোনে জবাব দিতে পারবেন।

কিছু ভাষার জন্য ল্যাঙ্গুয়েজ সেবা পাওয়া যাবে।

অনলাইন প্রশ্নমালা ও টেলিফোন সেবা পাওয়া যাবে স্প্যানিশ, ভিয়েতনামিজ, কোরিয়ান, রাশিয়ান, অ্যারাবিক, তাগালোগ, পোলিশ, ফ্রেঞ্চ, হাইশিয়ান ক্রিওল, পর্তুগিজ ও জাপানিজ ভাষায়।

জনগণনা ব্যুরো ইংরেজি ছাড়াও আরো 59টি ভাষায় ল্যাঙ্গুয়েজ গ্লোসারি, ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন কার্ড ও ল্যাঙ্গুয়েজ নির্দেশিকা বানাচ্ছে যার সবগুলো পাওয়া যাবে এই ওয়েবসাইটে www.2020census.gov।



জনগণনা সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে www.countusin2020.org/resources/